



## মালয়েশিয়ার সরকারি কর্মীদের ইসরায়েলি অ্যাপ ব্যবহারে নিষেধাজ্ঞা



ছবি: সংগৃহীত

ইসরায়েলে তৈরি নেভিগেশন অ্যাপ ওয়েজ ব্যবহারে সরকারি কর্মীদের নিষেধাজ্ঞা দিয়েছে মালয়েশিয়া। অ্যাপটির উৎস ও সম্ভাব্য নিরাপত্তাব্যুঁকি নিয়ে উদ্বেগ প্রকাশের পর এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছেন দেশটির প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিম।

জাতীয় সাইবার নিরাপত্তা কমিটির বৈঠক শেষে ফেসবুকে দেওয়া পোস্টে আনোয়ার বলেন, মানুষের তথ্য ও পরিচয়ের নিরাপত্তার বিষয়ে সরকার কোনো আপস করতে পারে না। তবে কী ধরনের ঝুঁকি রয়েছে, সে বিষয়ে বিস্তারিত জানাননি তিনি।

সরকারি কর্মীদের কাছে পাঠানো এক চিঠিতে প্রধান সচিব শামসুল আজরি আবু বকর জানিয়েছেন, নিষেধাজ্ঞাটি অবিলম্বে কার্যকর হবে। বিকল্প হিসেবে মালয়েশিয়ার হাইওয়ে কর্তৃপক্ষের তৈরি ‘তুজু’ অ্যাপ ব্যবহারের পরামর্শ দিয়েছেন আনোয়ার।

স্যাটেলাইট সংকেত ও চালকদের কাছ থেকে পাওয়া তথ্য ব্যবহার করে যানজটের হালনাগাদ পরিস্থিতি জানায় ওয়েজ। ২০১৩ সালে গুগলের মূল প্রতিষ্ঠান অ্যালফাবেট প্রায় ১০০ কোটি ডলারে অ্যাপটি অধিগ্রহণ করে।

সূত্র: টাইমস অব ইসরায়েল